দৈনিক সংবাদ

তারিখ 09 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 2

46

# সেরা ছাত্র-ছাত্রীরা সন্ত্রাসমুক্ত রাজনীতি ও শিক্ষাঙ্গন চায়

।। শিশির শীল ও নূরুল রহমান ।।

কুমিল্লা বোর্ডের এস, এস, সি পরীক্ষার কৃতী ছাত্র–ছাত্রীরা সন্ত্রাসমুক্ত রাজনীতি ও শিক্ষাঙ্গন চায়। তাদের মতে, সন্ত্রাস শিক্ষাজীবনকে বিপদগ্রস্ত করে তুলছে।

গতকাল মেধাবী ছাত্রছাত্রীরা ফলাফলের প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে আরো বলেছে, সন্ত্রাস নির্মূলে এই মুহূর্তে সবাইকে একযোগে কাজ করা উচিত। তারা বলেছে, ঘাতক গোলাম আযমের অবশ্যই বিচার হওয়া প্রয়োজন। ওরা বললো আমরা মুক্তিযুদ্ধের পরের সন্তান।

## মোঃ আরিফুজ্জামান

সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান লাভ করেছে মোঃ আরিফুজ্জামান। আনন্দে উৎফুল্ল আরিফ তার এ অসামান্য কৃতিত্বে প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেছে, যে রাজনীতিতে সন্ত্রাস নেই, সাম্প্রদায়িকতা নেই, সেই রাজনীতি আমি পছন্দ করি। সে জানায়, সাম্প্রদায়িক রাজনীতিকে কখনো প্রশ্রয় দেয়া ঠিক হবে না।

আরিফ জানায়, গড়ে সে ১৩/১৪ ঘন্টা পড়াশোনা করত। বিভিন্ন বিষয়ের জন্য

সেরা : পৃঃ ১২ কঃ ৫

## সেরা : ছাত্র–ছাত্রীদের প্রত্যাশা

( ১ম পাতার পর )

ব্যাচে সে প্রাইভেট পড়েছে। ৩ ভাইবোনের মধ্যে আরিফ সবচেয়ে ছোট। বড় দুই ভাইবোনের মধ্যে রাহেদুজ্জামান নিউরন বুয়েটে এবং আফসানা আক্তার লিজু ময়মনসিংহ মেডিক্যাল কলেজে পড়ছে। আরিফের পিতা এডভোকেট মোঃ আখতারুজ্জামান জামালপুর জজকোর্টের একজন আইনজীবী। মা মিসেস নূরুন্নাহার জামান একজন গৃহবধূ।

আরিফ জানালো, বড় ভাই নিউরন ও টিপু ভাইয়ের (তাদের বাড়ির পাশের, এখন বুয়েটে পড়ছে) অক্লান্ত চেষ্টার কারণে তার পক্ষে এ রেজাল্ট করা সম্ভব হয়েছে। একনিষ্ঠভাবে পড়াশোনা করতে পারলে অবশ্যই ভাল রেজাল্ট করা যায়– জানালো সে।

পড়াশোনার বাইরে সে ফুটবল, ক্রিকেট, দাবা, ব্যাডমিন্টন / ইত্যাদি খেলাধুলা করে। বই পড়া, ডাকটিকেট সংগ্রহ করা তার শখ। আরিফ ভবিষ্যতে কম্পিউটার ইঞ্জিনিয়ার হতে চায়।

## ফাহমিদা নওয়াজেশ

জিয়া হত্যা মামলায় ফাঁসিতে নিহত কর্নেল নওয়াজেশ উদ্দিনের কনিষ্ঠা কন্যা ফাহমিদা নওয়াজেশ বাবু কুমিল্লা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় মেয়েদের মেধা তালিকায় প্রথম এবং বিজ্ঞান বিভাগে তৃতীয় স্থান লাভ করেছে।

কুমিল্লা ফয়জুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের ছাত্র ফাহমিদা তার ফলাফলে ভীষণ খুশি। তবে সে জানালো এই আনন্দের মাঝেও বুকে ব্যথা হয়ে বাজে বাবার কথা। তিনি বেঁচে থাকলে এ আনন্দ পরিপূর্ণ হতো।

[illegible] শহরের কাপড়িয়া পট্টিতে তাদের বাড়ি। মা মমতাজ নওয়াজেশ। ৪ বোনের মধ্যে সর্বকনিষ্ঠ ফাহমিদা ভবিষ্যতে প্রকৌশলী হতে চায়। সে প্রতিদিন ৭ থেকে ৮ ঘন্টা লেখাপড়া করেছে। তার একজন গৃহশিক্ষক ছিলেন।

ফাহমিদ সন্ত্রাসমুক্ত রাজনীতি পছন্দ করে। অবসর কাটে গান শুনে আর বই পড়ে। তার প্রিয় ব্যক্তিত্ব মহাত্মা গান্ধী। প্রিয় লেখক হুমায়ুন আহমেদ, সুনীল গঙ্গোপাধ্যায়, মেজর (অবঃ) রফিকুল ইসলাম। দাবা, টেনিস লনটেনিস তার প্রিয় খেলা।

## মহীবুল হাসান

কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র এস এম মহীবুল হাসান লালিম সমাজবিজ্ঞান বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করেছে। মহীবুল রাজনীতি পছন্দ করলেও সেনাবাহিনীতে যোগ দিতে আগ্রহী। কুমিল্লা খাদ্য বিভাগের কর্মকর্তা এস এম আবদুল খালেকের পুত্র মহীবুল দৈনিক ৬ থেকে ৮ ঘন্টা লেখাপড়া করেছে। মহীবুল মনে করে নিয়মিত লেখাপড়াই ভালো ফলাফলের পূর্বশর্ত।

## আরমানা আহমেদ

কুমিল্লা ফাতেমা রানী বালিকা বিদ্যালয়ের ছাত্রী আরমানা আহমেদ জয়া মেয়েদের মধ্যে তৃতীয় স্থান লাভ করেছে। জয়া ভবিষ্যতে একজন চিকিৎসক হতে চায়।

ফরিদপুরে কর্মরত পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার আহমেদের কন্যা জয়া প্রতিদিন নিয়মিত ৭/৮ ঘন্টা লেখাপড়া করেছে। তার ৪ জন গৃহশিক্ষক ছিলেন। রানীর সখ বই পড়া ও গান শোনা। টেনিস তারকা মনিকা সেলেসের খেলা তার প্রিয়।

## আবু হাসানাত

কুমিল্লা জেলা স্কুলের ছাত্র আবু হাসানাত রনী বিজ্ঞান বিভাগে যুগ্মভাবে চতুর্থ স্থান লাভ করেছে। রনী একজন চিকিৎসক হতে চায়।

## নূরজাহান মুক্তা

স্টিল মিলের মার্কেটিং ম্যানেজার আলহাজ্ব মোঃ নাসিম ও জাকেরা বেগমের ৩ পুত্র–৩ কন্যার মধ্যে তৃতীয় নূরজাহান মুক্তা দৈনিক গড়ে ৬/৭ অধ্যয়ন করেছে। এই ফল তার প্রত্যাশা মিটিয়েছে। ভবিষ্যতে ব্যারিস্টার হবার ইচ্ছে ওর। মুক্তার কথা, বছরের প্রথম থেকে নিয়মিত পড়াশোনা করলে রেজাল্ট ভালো হবেই।

## ইশরাত সুলতানা নীপা

বাংলাদেশ চা বোর্ডের সদস্য (অর্থ) হাফিজুল ইসলাম ও সাবেক অধ্যাপিকা ইসমত জাহানের ২ পুত্র ও ১ কন্যার মধ্যে সবার ছোট নীপা কথাবার্তায় বেশ স্পষ্টবাদী। ভবিষ্যতে সে 'শিক্ষক' হতে চায়, কারণ পেশাটা মহৎ।

## সোয়েব মাহমুদ খান

সোয়েবের পিতা ডঃ আবদুল আউয়াল খান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক। সে দৈনিক ৬/৭ ঘন্টা পড়ত। সোয়েব আগামীতে নিউক্লিয়ার ফিজিক্সে উচ্চ শিক্ষা নিতে ইচ্ছুক। তার প্রিয় ব্যক্তিত্ব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এই কৃতিত্বের জন্য সোয়েব বাবা, মা ও শিক্ষকদের অবদান কৃতজ্ঞচিত্তে স্মরণ [illegible]